

কুইন্সল্যান্ডের বন্যা কবলিত মানুষের সাহায্যার্থে অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার B.B.Q পার্টির আয়োজন

আতিকুর রহমান ॥ সম্প্রতি অষ্ট্রেলিয়ার কুইন্সল্যান্ডে ঘূনি-ঝড়সহ বন্যায় বহু মানুষ নিহত এবং ঘর-বাড়ী ও ব্যবসা-বানিজ্যের ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। গত ৫ ফেব্রুয়ারী শনিবার অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার বন্যা কবলিত মানুষের জন্য তহবিল সংগ্রহের লক্ষ্যে ফান্ড রেইজিং B.B.Q পার্টির আয়োজন করেছিল। সম্প্রতি সংগঠন **13-17 Eagleview Road, Minto** তে ৫ একর বিশিষ্ট জমি মসজিদ, খেলাধুলার সুবিধাসহ ইসলামিক সেন্টার প্রতিষ্ঠার জন্য (**City Council** এর অনুমোদন সাপেক্ষে) ক্রয় করেছে। B.B.Q পার্টি উপলক্ষ্যে ক্রয়কৃত জমিতে বিভিন্ন ধরনের পরিষ্কার-পরিচ্ছন্নসহ কিছু সংস্কারের কর্ম সম্পন্ন করা হয়েছিল। প্রস্তাবিত সেন্টারের বিশাল জমিতে দুপুর ১২টা থেকে সন্ধ্যা পর্যন্ত B.B.Q পার্টি অনুষ্ঠিত হয়। সসেস ও স্টেক দিয়ে আগত অতিথিদের আপ্যায়ন করা হয়। দিনটি ছিল চমৎকার কিন্তু প্রচণ্ড রৌদ্র ও গরম থাকাতে শিশুদের কিছুটা অসুবিধা হয়। শিশুদের বিনোদনের জন্য জাম্পিং ক্যাসেলের ব্যবস্থা করা হয়েছিল। সিডনির বিভিন্ন স্থান থেকে বাংলাদেশীসহ বিদেশী অতিথি B.B.Q পার্টিতে শরীক হয়। B.B.Q পার্টিতে ফেডারেল ও স্টেট এম.পি, ক্যাম্বেলটাউন কাউন্সিলের কাউন্সিলর, বিভিন্ন মিডিয়ার কর্মকর্তাগণ সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। ক্যাম্বেলটাউন এলাকা (**Werriwa**) থেকে নির্বাচিত ফেডারেল এম.পি **Mr. Laurie Ferguson**, ম্যাকুয়ারী ফিল্ডস স্টেট এম.পি **Dr Andrew Dominic MCDONALD**, আসন্ন নিউ সাউথ ওয়েলস স্টেট নির্বাচনে ক্যাম্বেলটাউন এলাকার লেবার পার্টির পদপ্রার্থী **Mr. Nick Bleasdale** ও লিবারেল পার্টির পদপ্রার্থী, **Mr. Brayn Doyle**, ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের মেয়র **Mr. Aaron Rule**, ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের কাউন্সিলর **Mr. Anoulack Chanthivong** সহ বহু গনমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিল। B.B.Q পার্টি থেকে অর্জিত অর্থ **Queensland's Premiers Funds Relief**

Appeal এ প্রেরণ করা হবে। আগত অতিথিগণ ফান্ড রেইজিং B.B.Q পার্টিতে বন্যা দূর্গত মানুষের পাশেঁ দাড়ানোর পাশাপাশি পুরোদিন নিজস্ব বিশাল জমিতে কমিউনিটির সকলের সাথে একত্রিত হওয়ার সুযোগ করে দেয়ার জন্য কার্যকরী কমিটিকে ধন্যবাদ জানানো হয়।





